গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
আইসিটি সেল
www.bba.gov.bd

নম্বর ৫০.০১.০০০০.১১৪.৩১.০১৯.১৭.২১০

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

সভার নোটিশ

বিষয়: **বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন টিমের সভা।**

আগামী ১৩.১২.২০২১ তারিখ সোমবার দুপুর ০২.৩০ ঘটিকায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের (২০২১-২০২২) অর্থবছরের সেবা ডিজিটাইজেশন সংক্রান্ত সভা পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



১৩-১২-২০২১
তনুশ্রী সাহা
প্রোগ্রামার

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৩) অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৪) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৫) উপপরিচালক, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৬) উপপরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৭) উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
৮) সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (আপ্যায়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯) এসিসটেন্ট ইঞ্জিনিয়ার, সড়ক শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
আইসিটি সেল

# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর সেবা ডিজিটাইজেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রূপম আনোয়ার<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৩ ডিসেম্বর, ২০২১ |
| সভার সময় | দুপুর ০২.৩০ টায় |
| স্থান | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত পরিচালক (পিএন্ডডি) জনাব আলতাফ হোসেন সেখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর সেবা ডিজিটাইজেশনের বিষয়ে সভায় উপস্থাপন করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন**<br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম ১.১ এর আওতায় উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন বিষয়ে সকল কর্মকর্তা-কর্মচারী বরাবর পত্র প্রেরণ করা হয়। উদ্ভাবনী ধারণা আহ্বান করা হলে সর্বমোট ৩২টি উদ্ভাবনী ধারণা পাওয়া যায় (সংযুক্তি-১)। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং এই তালিকা থেকে যে কোন একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে সেতু ভবনে নিয়োজিত নিরাপত্তারক্ষীদের জন্য ডিজিটাল হাজিরা ব্যবস্থাপনা স্থাপনের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। উপপরিচালক (প্রশাসন) উক্ত সিস্টেমে গাড়ীচালক এবং সেতু ভবনে ওএন্ডএম এ নিযুক্ত কর্মচারীদের অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | সেতু ভবনে নিয়োজিত নিরাপত্তারক্ষী, গাড়ীচালক এবং সেতু ভবনে ওএন্ডএম এ নিযুক্ত কর্মচারীদের জন্য ডিজিটাল হাজিরা ব্যবস্থাপনা স্থাপনের নিমিত্ত একটি প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত পরিচালক (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ২. | <u>**সেবা ডিজিটাইজেশন**</u><br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম ১.৩ এর আওতায় একটি সেবা ডিজিটাইজেশনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মো: আবুল হোসেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সিটিজেন চার্টারে উল্লিখিত ঠিকাদার/ সাপ্লাইয়ার/ কন্সালটেন্ট প্রতিষ্ঠানসমূহকে তাদের কার্য সম্পাদনের অভিজ্ঞতা সনদ অনলাইনে প্রদানের বিষয়ে সভায় প্রস্তাব প্রদান করেন। সভায় সেবাটি ডিজিটাইজ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী প্রোগ্রামার জনাব মো: মহিউদ্দিন উক্ত সেবাটি ডিজিটাইজ করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। তিনি জানান যে, সেবাটির আওতায় একটি ওয়েব ইন্টারফেস থাকবে। যেখান থেকে QRCode স্ক্যান করে মোবাইল বা অন্যকোন ডিভাইস থেকে অনলাইনে সার্টিফিকেট ডাউনলোড বা ভেরিভাই করা যাবে। QRCode স্ক্যান করা ছাড়াও সার্টিফিকেটের মেমো নম্বর টাইপ করে সার্টিফিকেট ডাউনলোড বা মুদ্রণ করা যাবে। ফলে কোন ঠিকাদারী প্রতিষ্ঠান বা টেন্ডার আহ্বানকারী কোন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সার্টিফিকেট ভেরিফিকেশনের প্রয়োজন হলে অনলাইনে এই সেবাটি ব্যবহারের মাধ্যমে সার্টিফিকেটের সত্যতা যাচাই করতে পারবেন। সেবাটি ২০২১-২২ এর কার্যক্রম ১.১ এর আওতায় সেবাটি ডিজিটাইশনের সময় অর্থাৎ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে পারবেন বলেও জনাব মহিউদ্দিন সভাকে অবহিত করেন। সভাপতি, উক্ত কাজটি ২০.১২.২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করে নির্বাহী পরিচালক মহোদয়ের নিকট অনুমোদনের জন্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। অনুমোদিত হলে অফিস আদেশ জারী ও eservice.bba.gov.bd লিংকে বিবিএ এর অভ্যন্তরীণ সেবা হিসেবে ওয়েবসাইটে সংযোজনের বিষয়েও নির্দেশনা প্রদান করেন। | ক) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ থেকে ঠিকাদার/ সাপ্লাইয়ার /কন্সালটেন্ট এর কার্য সম্পাদনের পর ঠিকাদার প্রতিষ্ঠানসমূহকে অনলাইনে অভিজ্ঞতা সনদ প্রদানের সেবাটি ২০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে কোডিং, টেস্টিং এর কাজ সম্পন্ন করে সেবাটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য নতুন ডিজিটাইজকৃত সেবা হিসেবে অনুমোদনের নির্বাহী পরিচালক মহোদয়ের নিকট নথি উপস্থাপন করতে হবে।<br><br>খ) ডিজিটাইজকৃত সেবাটি অনুমোদিত হলে সেবাটি আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে এ সংক্রান্ত অফিস আদেশ জারি করতে হবে।<br>গ) অফিস আদেশ জারী হওয়ার পর eservice.bba.gov.bd লিংকে হোস্টিং ও বিবিএ এর অভ্যন্তরীণ সেবা হিসেবে ওয়েবসাইটে সংযোজন করতে হবে। | জনাব মো: মহিউদ্দিন সহকারী প্রোগ্রামার |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ রূপম আনোয়ার
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫০.০১.০০০০.১১৪.৩১.০১৯.১৭.২১৮

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮

১৫ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

২) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৩) অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৪) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (সেতু) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৬) নির্বাহী পরিচালকের একান্ত সচিব, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৭) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৮) উপপরিচালক, হিসাব ও বাজেট শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

৯) উপপরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১০) উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১১) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১২) এসিসটেন্ট ইঞ্জিনিয়ার, সড়ক শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ



তনুশ্রী সাহা

প্রোগ্রামার

# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ইনোভেশন টিমের সভার উপস্থিতি

**তারিখ: ১৩.১২.২০২১ (সোমবার)**

**সময়: দুপুর ০২.৩০ ঘটিকায়**

| ক্র: নং | নাম ও পদবী | সংস্থা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | | | |
| ০৩ | [illegible] (আইসিটিবি) | [illegible] | [illegible] |
| ০৫. | শরীফ মোহাম্মদ রেজাউল করিম উপপরিচালক (প্রশাঃ) | BBA | [illegible] ১৩/১২/২১ |
| ০৬. | এ এস এম জহুরুল ইসলাম DD (P&D) | BBA | [illegible] ১৩/১২/২০২১ |
| ০৭. | তানভীর আহমেদ সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | BBA | [illegible] ১৩/১২/২১ |
| ০৮. | মোঃ মাসুদ ভূঁইয়া AP | BBA | [illegible] |
| ০৯. | তনুশ্রী সাহা প্রোগ্রামার | [illegible] | [illegible] ১৩/১২/২১ |
| ১০. | | | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |